

- ১ -

ঢাকা ওয়াসা

ক্রমিক নং-০১। সাঃপাঃশোঃ (রক্ষণাবেক্ষণ) এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার কপি।
ক্রমিক নং-০২। লে-আউট।
ক্রমিক নং-০৩। পূর্বানুমোদিত ধরের
ক্রমিক নং-০৪। প্রাক্কলন।

বিষয়ঃ- Supply of Aeration Zone-4 related spare parts for SWTP.

১.০। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৬০ কিলোমিটার ডিএনডি খাল রয়েছে। ডিএনডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র”ওয়াটার ডিএনডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ “র”ওয়াটার পরিবহন, “ট্রিটেড”ওয়াটার ট্রান্সমিশন ও প্ল্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত। ডিএনডি খালের পানির গুনগত মান বৃদ্ধি করার জন্য নতুন এয়ারেশন জোনে-৪ নির্মাণ করা হয়। এয়ারেশন জোনে-৪ পরিচালন করতে দীর্ঘ দিন ধরে বিভিন্ন ধরনের যান্ত্রিক ত্রুটি দেখা দিচ্ছে। ত্রুটিগুলো মেরামত করে এয়ারেশন জোনে-৪ সচল রাখা হয়েছে। বারবার মেরামত করার কারণে কিছু কিছু যন্ত্রাংশ মেরামতের অযোগ্য হয়ে পড়েছে। তাছাড়া প্রয়োজনীয় মালামালার সরবরাহ থাকলে মেরামত কাজগুলো দ্রুত সম্পন্ন করা যায়। এয়ারেশন জোনে-৪ সঠিকভাবে পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় খুরচা যন্ত্রাংশ সরবরাহ কাজটি জরুরিভিত্তিতে করা প্রয়োজন।

১.১। আলোচ্য কাজটি পূর্বানুমোদিত ধরের ভিত্তিতে দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্ত ক্রমিক নং-০৪ দ্রঃ)। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাড়িয়েছে সর্বমোট টাঃ ৯,৯৪,০০০.০৫৬ (নয় লক্ষ চুরানব্বই হাজার দশমিক শূন্য পাঁচ ছয় টাকা মাত্র) টাকা।। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ারভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের অফিস বিল্ডিং মেরামত খাত হতে নির্বাহ করা হবে। উল্লেখ্য, কাজটি সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয়-কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৭২ এবং প্যাকেজ নং- G-34 এ অন্তর্ভুক্ত রয়েছে (সংযুক্ত ক্রমিক নং-০১ দ্রঃ)।

১.২। আলোচ্য সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে OTM(e-GP) তে দরপত্র আহ্বানের মাধ্যমে বর্ণিত কাজটি সম্পাদন করা যেতে পারে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে OTM(e-GP) তে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

-2-


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Supply of Aeration Zone-4 related spare parts for SWTP. শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


ক) উল্লিখিত সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে OTM(e-GP) এর মাধ্যমে দরপত্র আহ্বানের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৯,৯৪,০০০.০৫৬ (নয় লক্ষ চুরানব্বই হাজার দশমিক শূন্য পাঁচ ছয় টাকা মাত্র) টাকার অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের খরচা যন্ত্রাংশ খাত হতে নির্বাহের অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


৩০/০৮/২৪
মোঃ আরিফুল হাসান
উপ-সহকারী প্রকৌশলী
সায়োদাবাদ পানি পোষণাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াশা।


৩০/০৮/২৪
মোঃ রাফিউল আলম
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াশা।
১৪/৮/২৪ অনুমোদিত


৩০/০৮/২৪
সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
সায়োদাবাদ পানি পোষণাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াশা।


SE (MSTPC)


৩০/০৮/২০২৪
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াশা।
XEN (Maintenance)